

প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী-২০০৮

ভাষণ

মাননীয় প্রধান উপদেষ্টা

ড. ফখরুদ্দীন আহমদ

ঢাকা, শনিবার, ০৫ জুলাই ২০০৮, ২১ আষাঢ় ১৪১৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সেনাবাহিনী প্রধান,
প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের কমান্ড্যান্ট
ও সর্বস্তরের সদস্যবৃন্দ,
সমবেত সুধীমন্ডলী,

আসসালামু আলাইকুম।

প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পি জি আর)-এর ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আমি এ বাহিনীর সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন।

আজকের এই বিশেষ দিনে প্রথমেই আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি পি জি আর-এর বীর সদস্যদের, যাঁরা দায়িত্ব পালনকালে শাহাদাৎ বরণ করেছেন। আমি তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি।

এই বাহিনীর বিকাশ ও উন্নয়নের বিভিন্ন ধাপে পূর্বসূরীদের মেধা, দূরদর্শী পরিকল্পনা ও অক্লান্ত পরিশ্রম রয়েছে। আমি আজ তাঁদের অবদানের কথাও কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। আমার বিশ্বাস, আপনারা যাঁরা আজ এ বাহিনীর নেতৃত্বে রয়েছেন—তাঁরা একে আরও দক্ষ, চৌকস ও যুগোপযোগী করে এগিয়ে নিতে ভূমিকা রাখবেন। আমি আপনাদের সাফল্য কামনা করছি।

প্রিয় কর্মকর্তা ও গার্ডবৃন্দ,

রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানসহ ভিভিআইপি-দের নিরাপত্তা বিধানের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর দায়িত্বে আপনারা নিয়োজিত। জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে এই দায়িত্বটি ক্রমেই জটিল ও চ্যালেঞ্জপূর্ণ হয়ে উঠেছে। ভিভিআইপিদের নিরাপত্তার বিষয়টি আজ পরিণত হয়েছে একটি বহুমাত্রিক কার্যক্রমে। ফলে পেশাগত মান ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি সাজসরঞ্জাম যুগোপযোগী রাখতে আপনাদের সদা সচেতন থাকতে হবে। এজন্য নিয়মিত প্রশিক্ষণ ও কঠোর অনুশীলনের উপর বিশেষ গুরুত্ব দেবেন। সর্বশেষ প্রযুক্তিজ্ঞান অর্জন ও এর ব্যবহারের প্রতি অগ্রাধিকার দেবেন। নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত অন্যান্য সংস্থার সাথে নিবিড় যোগাযোগ, কাজে সুষ্ঠু সমন্বয় ও পারস্পরিক সহযোগিতা বজায় রাখবেন।

এই বাহিনীর আধুনিকীকরণে সরকার যথাসাধ্য সকল কিছু করবে। রেজিমেন্টের উন্নয়ন ও সদস্যদের কল্যাণে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ভিভিআইপি ও গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় অনুষ্ঠানাদির নিরাপত্তা নিশ্চিত করার কাজটি সহজসাধ্য নয়। আমি জানি, অপলক প্রখর দৃষ্টি, বিন্দ্র রজনী, প্রতিকূল পরিবেশ, কঠোর পরিশ্রম এর নিত্য সঙ্গী। এজন্য প্রয়োজন অসীম ধৈর্য, দৃঢ় মনোবল ও কর্তব্যনিষ্ঠা। সেনাবাহিনীর চৌকস সদস্যদের নিয়ে গড়া এই রেজিমেন্টের প্রত্যেকের মধ্যে সেসব গুণাবলী

আছে বলে আমার বিশ্বাস। সততা, শৃঙ্খলা, উঁচু পেশাদারিত্ব ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আপনারা দায়িত্ব পালন করে চলেছেন দেখে আমি মুগ্ধ। আমি ভবিষ্যতেও তা সমুন্নত রাখতে আপনাদের আস্থান জানাবো।

ভিভিআইপিদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি তাঁদের গণসংযোগ ও জনসম্পৃক্ততার প্রতিও আপনারা সজাগ ও সচেতন থাকবেন। এজন্য এই রেজিমেন্টের প্রতিটি সদস্যকে একদিকে যেমন হতে হবে কঠোর, একাগ্র ও দায়িত্বশীল অন্যদিকে বিনম্র ও মার্জিত। এক্ষেত্রে আপনারা যে সুনাম ও জনআস্থা ইতোমধ্যে অর্জন করেছেন তা সমুন্নত রাখতে সচেষ্ট থাকবেন।

পরিশেষে, আমি আপনাদের সকলের সুস্বাস্থ্য ও পেশাগত সাফল্য এবং রেজিমেন্টের উত্তরোত্তর উন্নতি কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।

আপনাদের সকলকে ধন্যবাদ।

আল্লাহ হাফেজ।

....